ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২৮৭৬

আগরতলা, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''কল্যাণপুরে মেয়াদোত্তীর্ণ সামগ্রী, ঘুমে প্রশাসক,'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৩০ আগস্ট, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই পরিপ্রেক্ষিতে খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, কল্যাণপুর এলাকার খাদ্য ব্যবসার প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১৯ টি স্টেট লাইসেন্স ক্যাটাগরি এবং ৯৭ টি স্টেট রেজিস্ট্রেশন ক্যাটাগরি। এর মধ্যে সেলফ হেল্প গ্রুপের (SHG) এবং ফুড বিজনেস অপারেটরও (FBO)অন্তর্ভুক্ত। খাদ্য ব্যবসার প্রতিষ্ঠান পরিদর্শনের মধ্যে ১৩৫ টি লাইসেন্সকৃত ইউনিট, ১৬৫টি লাইসেন্স বিহীন ইউনিটে খাদ্য নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করতে ফুড সেফটি অফিসার (FSO) নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেন। অনুমোদনহীন কার্যকলাপের বিরুদ্ধে ব্যবস্থা ২০২৪-২৫ অর্থবছরে আগস্ট মাস পর্যন্ত ১০টি ফুড বিজনেস অপারেটরকে (FBO)২২ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়েছে। নিয়ম ও বিধি মেনে মাসিক ভিত্তিতে নমুনা, যদি ফুড সেফটি অফিসার (FSO) পরিদর্শন করেন বা নমুনা গুনমান সম্পূন্ন না হলে ডেজিগনেটেড অফিসার (DO)এফএসএসএআই (FSSAI) ফুড বিজনেস অপারেটর (FBO)-কে ইমপ্রুভমেন্ট নোটিশ জারি করেন।

*********